বাংলাদেশ স্কাউটস,জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

পত্র নং বাঃ স্কাঃ (সঃ উঃ ও স্বাস্থ্য)/৯১৪ (১৯২০)/২০১৮ তারিখ ঃ ০৯ আশ্বিন ১৪২৫ / ২৪ সেপ্টেম্বর ২০১৮

সম্পাদক
বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল

বিষয়: **সড়ক নিরাপত্তা ও শৃঙখলা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে দেশব্যাপী একসাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী সড়ক/মহাসড়কে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের অংশগ্রহণে সড়ক নিরাপত্তা বিষয়ক স্লোগান সম্বলিত ফেস্টুন প্রদর্শন কর্মসূচির তারিখ পরিবর্তন সম্পর্কীয়।**

জনাব,

আপনি অবগত আছেন যে, দেশব্যাপী সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক গত ২০ আগস্ট ২০১৮ তারিখে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাকদের করণীয় বিষয়ে নির্দেশনা সম্বলিত পরিপত্র জারি করা হয়েছে ও ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণের জন্য "নিরাপদ সড়ক নিশ্চিতকরণে আমাদের দায়িত্ব" সম্বলিত লিফলেট এর নমুনা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে, পরিপত্রের নির্দেশনা অনুযায়ী দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সড়ক নিরাপত্তা ও শৃঙখলা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ স্কাউটস এর সাথে সমন্বয় করে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে দেশব্যাপী একসাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী সড়ক/মহাসড়কে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সড়ক নিরাপত্তা বিষয়ক স্লোগান সম্বলিত ফেস্টুন স্বল্প সময়ের জন্য প্রদর্শনের নির্দেশনা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী বর্ণিত কর্মসূচি ৩০ সেপ্টেম্বর ২০১৮ এর পরিবর্তে আগামী ২২ অক্টোবর ২০১৮ "জাতীয় নিরাপদ সড়ক দিবস"-এ পালন করা হবে।

বর্ণিত সিদ্ধান্তের আলোকে, আগামী ২২ অক্টোবর ২০১৮ বেলা ১১.০০ থেকে ১১.৩০ পর্যন্ত দেশব্যাপী একসাথে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী সড়ক/মহাসড়কে অবস্থান নিয়ে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সড়ক নিরাপত্তা বিষয়ক বিভিন্ন স্লোগান সম্বলিত ফেস্টুন স্বল্প সময়ের জন্য প্রদর্শনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ জানাই।

২৪/৯/১৮
(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা। তিনি তাঁর আওতাধীন সকল জেলা ও উপজেলার জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, জেলা ও উপজেলা শিক্ষা বিভাগীয় কর্মকর্তাদের সাথে সমন্বয় করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন;
৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার;
৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

সদয় জ্ঞাতার্থে :

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস ও মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়;
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও মাননীয় কমিশনার, দুর্নীতি দমন কমিশন;
৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৪। সচিব, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৫। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
৬। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
৭। বিভাগীয় কমিশনার (সকল) ও পৃষ্ঠপোষক, সকল প্রশাসনিক অঞ্চল, বাংলাদেশ স্কাউটস;
৮। জাতীয় উপ কমিশনার, (সকল), বাংলাদেশ স্কাউটস;
৯। সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
১০। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
১১। জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার;
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা ।